চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
বন্দর ভবন, চট্টগ্রাম- ৪১০০
www.cpa.gov.bd

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিম্নবর্ণিত পদে ০২ (দুই) বছরের জন্য সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে সর্বসাকুল্য (Consolidated) বেতনে আউটসোর্সিং পদ্ধতির আওতায় জনবল সেবা গ্রহনের লক্ষ্যে সরকার কর্তৃক স্বীকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

০১।	মন্ত্রণালয়/বিভাগ	নৌ-পরিবহন মন্ত্রণালয়
০২।	সংস্থা/নিয়োগকারীর নাম ও ঠিকানা	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম- ৪১০০
০৩।	নিয়োগকারীর জেলা ও কোড নং	চট্টগ্রাম, কোড নং- ৫২০৫।
০৪।	দরপত্রের বিবরণ	অর্থ মন্ত্রণালয়ের আউটসোর্সিং নীতিমালার আওতায় জনবল (অফিস সহায়ক, মালী, চৌকিদার/প্রহরী) সরবরাহ।
০৫।	দরপত্রের সূত্র নং ও তারিখ	১৮.০৪.০০০০.১৮১.১১.৪৫-২০১৭ তারিখঃ ১২/০৩/২০১৮ খ্রি.
০৬।	দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	১৫/০৩/২০১৮ খ্রি.
০৭।	দরপত্রের পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (জাতীয়)
০৮।	বাজেট ও অর্থের উৎস	চবক এর নিজস্ব অর্থায়ন
০৯।	দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	১৫/০৪/২০১৮ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা।
১০।	দরপত্র দাখিলের স্থান, তারিখ ও সময়	পরিচালক (প্রশাসন) এর দপ্তর, রুম নং- ৩৩১ (৩য় তলা), বন্দর ভবন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম- ৪১০০। ১৬/০৪/২০১৮ খ্রি. বেলা ১২.৩০ ঘটিকার মধ্যে।
১১।	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	পরিচালক(প্রশাসন) এর দপ্তর, রুম নং- ৩৩১ (৩য় তলা), বন্দর ভবন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম- ৪১০০। ১৬/০৪/২০১৮ খ্রি. বেলা ৩.০০ ঘটিকা।
১২।	দরপত্র দলিল প্রাপ্তির স্থান	পরিচালক (প্রশাসন) এর দপ্তর, রুম নং- ৩৩১ (৩য় তলা), বন্দর ভবন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম- ৪১০০।
১৩।	দরপত্র দলিলের মূল্য	২,০০০/-(দুই হাজার) টাকা।
১৪।	দরপত্র দাতার যোগ্যতা	সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে জনবল সরবরাহের কমপক্ষে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধ সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন নম্বরধারী প্রতিষ্ঠান একক অথবা যৌথ উদ্যোগের মাধ্যমে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে অবশ্যই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত আউটসোর্সিং সেবাদানকারী ঠিকাদার লাইসেন্স দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথা, দরপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৫।	বিশেষ নির্দেশনা	অর্থ মন্ত্রণালয়ের এ সংক্রান্ত যাবতীয় বিধিমালা সকল প্রস্তাবকারী প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণপূর্বক প্রস্তাব দাখিল করতে হবে।
১৬।	দরপত্র জামানতের পরিমান (ফেরতযোগ্য)	৮০০,০০০/- (আট লক্ষ) টাকা। যেকোন তফসিলভুক্ত ব্যাংক হতে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/দরপত্র দলিলের সংস্থান অনুযায়ী অপরিবর্তনীয় (Irrevocable) ব্যাংক গ্যারান্টি।
১৭।	দরপত্র আহ্বানকারীর নাম, পদবী ও ঠিকানা (ফোন, ফ্যাক্স, ই-মেইল সহ)	সাদেকা বেগম, পরিচালক (প্রশাসন), রুম নং- ৩৩১, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০। ফোন ঃ +৮৮-০৩১-২৫১০৮৭৪, ফ্যাক্স ঃ +৮৮-০৩১-২৫১০৮৮৯, ই-মেইলঃ da@cpa.gov.bd
১৮।	সরবরাহকৃত জনবলের বিবরণঃ	

ক্রঃ নং	পদের নাম (গ্রেড-২০)	পদের সংখ্যা	নিয়োগ যোগ্যতা	বয়সসীমা	মাসিক সর্বসাকুল্যে বেতন
(ক)	অফিস সহায়ক	৮০ টি	কমপক্ষে এস, এস, সি বা সমমান পাশসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	১৮ থেকে অনুর্ধ্ব ৬০ বছর	১৪,৯৫০/-
(খ)	মালি	০৫ টি	৮ম শ্রেণী পাশসহ সুস্বাস্থ্যের অধিকারী এবং বাগানের কাজে অভিজ্ঞতা থাকতে হবে।		
(গ)	চৌকিদার/প্রহরী	১৫ টি	৮ম শ্রেণী পাশসহ সুস্বাস্থ্যের অধিকারী।		

১৯। **শর্তাবলী**

(ক) নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত জনবলকে জনপ্রতি মাসিক বেতন ১৪,৯৫০/- টাকা হিসেবে পূর্ববর্তী মাসের বেতন (হাজিরা অনুযায়ী আনুপাতিক হারে) পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে, ৮,২৫০/- টাকা হারে বার্ষিক ০২টি উৎসব বোনাস এবং বার্ষিক ১,৬৫০/- টাকা বাংলা নববর্ষ ভাতা প্রত্যেকের ব্যক্তিগত ব্যাংক হিসাবে সরাসরি পরিশোধ করতে হবে। নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিয়োজিতব্য জনবলের ব্যাংক একাউন্টে বেতন মাসিক ভিত্তিতে পরিশোধ করে প্রত্যেক কর্মচারীর ব্যাংক স্টেটমেন্ট, হাজিরা সীট, সন্তোষজনক কর্মসম্পাদন প্রতিবেদন, চবক এর সংশ্লিষ্ট বিভাগ/শাখার প্রত্যয়ন সহ প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক এর নিকট দাখিল করতে হবে। ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী কর্মচারীদের বিপরীতে প্রদত্ত বেতনের সমপরিমাণ টাকা সংশ্লিষ্ট বিভাগ সমূহের প্রত্যয়ন সাপেক্ষে চবক এর অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা শেষে নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠানকে চুক্তি মোতাবেক (কমিশন/সার্ভিস চার্জ ইত্যাদি সহ) পরিশোধ করা হবে। নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠানের কমিশন/সার্ভিস চার্জ ইত্যাদি বাবদ প্রাপ্য বিল থেকে ভ্যাট, ট্যাক্স, আয়কর ও অন্যান্য পাওনা কর্তন করা হবে ;

(খ) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহনের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান/ ঠিকাদার মেনে চলতে বাধ্য থাকবে ;

(গ) আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারনে চবক বা তৃতীয় পক্ষের সম্পদের ক্ষতিসাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এ ব্যাপারে দায়ী থাকবে এবং প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রদান করবে। কোন কর্মচারীর শৃঙ্খলা পরিপন্থী কিংবা রাষ্ট্রদ্রোহিতামূলক কর্মকান্ডের সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেলে তার জন্যেও সরবরাহকারী প্রতিষ্ঠান দায়ী থাকবে। এজন্য তাদের নিয়োজিত প্রত্যেক কর্মচারীর নিযুক্তির ০৩(তিন) মাসের মধ্যে পুলিশী প্রতিপাদন সম্পন্ন করে চবক এর নিকট দাখিল করতে হবে ;

(ঘ) নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদারকে চবক কর্তৃক কার্য্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রস্তাবিত সকল প্রার্থীর (২০% অতিরিক্ত জনবলসহ) সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত (প্রার্থীর ছবি, নাম, জন্মতারিখ ও বয়স, পিতা-মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ধর্ম, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর এবং প্রয়োজনীয় সনদপত্রাদি সংযুক্ত করে দাখিল করতে হবে ;

(ঙ) নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রার্থীদের যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাইয়ের জন্য পরীক্ষায় ডাকা হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। পরীক্ষার অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ;

(চ) নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদন করতে হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

২০। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র প্রক্রিয়া বাতিলকরণ/সংশোধন বা যে কোন একটি দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

Cercular.doc